

## প্রেস বিজ্ঞপ্তি

তারিখঃ ১৩/১২/২০২২

### “জাতীয় সাইবার ড্রিল-২০২২”-এ প্রথম হয়েছে Team Disclosify




বাংলাদেশ কম্পিউটার ইনসিডেন্ট রেসপন্স টিম (BGD e-GOV CIRT) এর আয়োজনে ডিজিটাল বাংলাদেশ দিবস উপলক্ষে আয়োজিত দুই দিনব্যাপী “জাতীয় সাইবার ড্রিল-২০২২”-এ ৭৭০০ নম্বর পেয়ে প্রথম হয়েছে Team Disclosify। উক্ত সাইবার ড্রিলে সমসংখ্যক ৭৬০০ নম্বর পেয়ে উত্তর প্রদানের সময়ের উপর ভিত্তি করে দ্বিতীয় ও তৃতীয় হয়েছে যথাক্রমে ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের BRACU BLINDRES এবং বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের fSociety। এই সাইবার ড্রিলে সরকারি ও বেসরকারি বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠান, নিয়ন্ত্রক প্রতিষ্ঠান, বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীসহ, বেসরকারি সেবাদান প্রতিষ্ঠান হতে ৫৩টি দলে প্রায় ২৪৭ জন অংশগ্রহণকারী সক্রিয়ভাবে অংশগ্রহণ করে।

NATIONAL CYBER DRILL 2022			Home	Help	Rules of Engagement	FAQ
1	Team Disclosify-Disclosify Limited (5 members)	7700				
2	BRACU BLINDERS-BRAC University (4 members)	7600				
3	fSociety-BUET (5 members)	7600				

এই আয়োজনের বিষয়ে বিজিডি ই-গভ সার্ভের প্রকল্প পরিচালক তারেক এম বরকতউল্লাহ বলেন, সাইবার নিরাপত্তার বিষয়টি মূলত দলগত কাজ। তাই জাতীয় সাইবার ড্রিলের মাধ্যমে দলগত বিষয়টিকে উৎসাহিত করা হচ্ছে। বিজিডি ই-গভ সার্ভ হতে প্রতিবছর ৩টি (আর্থিক প্রতিষ্ঠান, বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ও সকলের অংশগ্রহণে) সাইবার ড্রিল অনুষ্ঠিত হচ্ছে। এসব ড্রিল আয়োজনের মাধ্যমে সাইবার ঝুঁকি মোকাবেলায় করণীয় সম্পর্কে অংশগ্রহণকারীরা সম্যক ধারণা পাচ্ছে এবং সাইবার নিরাপত্তায় দেশের সক্ষমতা বৃদ্ধি পাচ্ছে।

এ সাইবার ড্রিলের সার্বিক সহায়তা ও তত্ত্বাবধানে ছিল তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এবং বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল। সাইবার ড্রিলের বিস্তারিত স্কোর <https://cyberdrill.cirt.gov.bd/scoreboard> ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।

  
তারেক এম. বরকতউল্লাহ 13/12/2022  
প্রকল্প পরিচালক